

**3 (Sem-5/CBCS) BEN-RE 1**

**2 0 2 2**

**BENGALI**

**( Regular Elective )**

**Paper : BEN-RE-5016**

**Full Marks : 80**

**Time : 3 hours**

*The figures in the margin indicate full marks  
for the questions*

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দশটি) : ১×১০=১০
- (ক) রামচন্দ্র মঙ্গরাজের মাসতুতো ভাইয়ের নাম কী ?
- (খ) কত বছর বয়সে রামচন্দ্র মঙ্গরাজ অনাথ হয়েছিলেন ?
- (গ) “পণ্ডিত নস্য শূঁকিতে শূঁকিতে বাঁ-হাতে ঘটি লইয়া  
পুকুরপাড়ে চলিয়াছেন।” “উনিশ বিঘা দুই কাঠা’  
উপন্যাসে এই পণ্ডিতের নাম কী ?
- (ঘ) “উনিশ বিঘা দুই কাঠা’ উপন্যাসে ‘হরকলা’ উপন্যাসে  
কাকে ডাকা হত ?
- (ঙ) ‘অসুরদিঘি’র পাড়ে কোন্ দেবীর মন্দির অবস্থিত ?  
(উনিশ বিঘা দুই কাঠা)

( 2 )

- (চ) শেখ কেরামত আলির বাড়ি কোথায় ছিল?  
(উনিশ বিঘা দুই কাঠা)
- (ছ) “আইতা, তুমি মোর মুরটো ঘোলা  
নকরা মানে নেরানেকি?” (কারেঙর লিগিরি)  
এখানে ‘আইতা’ বলতে কাকে বোঝানো হয়েছে?
- (জ) “মোর তর্কবাগীশ পুত্র—তই ইয়ালৈকে শাস্ত্র পড়িলি।”  
(কারেঙর লিগিরি)  
উক্তিটি কার?
- (ঝ) কারেঙর লিগিরি রেবতীর বয়স কত?
- (ঞ) “বপুরাঃ কি কম সাউদর পুতেক দেউতা...”  
(কারেঙর লিগিরি)  
এখানে ‘সাউদর পুতেক’ বলতে কাকে বোঝানো  
হয়েছে?
- (ট) ‘কারেঙর লিগিরি’ নাটকের অনঙ্গের সঙ্গে কার যুদ্ধ  
হয়েছিল?
- (ঠ) কাকে কাটার জন্য রাজমাও (রাজমাতা) চাওদাঙের  
হাতে তুলে দিয়েছিলেন?
- (ড) ‘পেশোয়ার এক্সপ্রেস’ গল্পে পেশোয়ার এক্সপ্রেস প্রথম  
কোন স্টেশনে এসে দাঁড়িয়েছিল?
- (ঢ) ‘পেশোয়ার এক্সপ্রেস’ গল্পে লাহোর স্টেশনে কতজন  
যাত্রীকে হত্যা করার কথা রয়েছে?

( 3 )

- (গ) ‘দুই ফারলং লম্বা সড়ক’ গল্পে সড়ক কোথা থেকে কোথা  
পর্যন্ত বিস্তৃত ছিল?
- (ত) “এই বেটা হারামজাদা সাহেব বাহাদুরের কাছে মাপ  
চা।” (দুই ফারলং লম্বা সড়ক)  
উক্তিটি কার?
- (থ) ‘চৌরাস্তার কুয়া’ গল্পে চৌরাস্তার রাস্তাগুলি কোন্ রঙের  
ছিল?
- (দ) ‘চৌরাস্তার কুয়া’ গল্পে ডুবুরি কুয়ো থেকে শেষবারে কী  
তুলে এনেছিল?

২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) : ২×৫=১০

- (ক) তাঁতিপাড়ায় অবস্থিত দুটি উপাসনাস্থলের নাম উল্লেখ  
করো। (উনিশ বিঘা দুই কাঠা)
- (খ) চন্দ্রমণি কে? তিনি কাকে বিয়ে করেছিলেন?
- (গ) ভগিআর পিতার নাম কী? তিনি কার কাছ থেকে উনিশ  
বিঘা দুই কাঠা জমি কিনেছিলেন?
- (ঘ) গোবিন্দপুর মৌজায় অবস্থিত পুকুরটি কী নামে পরিচিত?  
এই পুকুর কে খনন করেছে বলে কথিত আছে?
- (ঙ) “সেউজি মোর ভয় লাগিছে।” (কারেঙর লিগিরি)  
উক্তিটি কার? তার ভয়ের কারণ কী?
- (চ) কাঞ্চনমতি কে? তার বয়স কত?

( 4 )

- (ছ) ‘ক’তা নাগিনী ছোয়ালিহঁত! (কারেঙর লিগিরি) উক্তিটি কার? ‘নাগিনী ছোয়ালি’ বলতে কাদের বোঝানো হয়েছে?
- (জ) অসিরি জেঠিমা কর্তৃক পালিত দাঙ্গা-বিধ্বস্ত দুটি সন্তানের নাম লেখো।
- (ঝ) বৈদ্য মশাইয়ের মতে আগুন আর জল কোথায় থাকে?  
(চৌরাস্তার কুয়া)
- (ঞ) ‘দুই ফারলং লম্বা সড়ক’ গল্পে দু-ফারলং লম্বা সড়ক ধরে যুবতির কোথায় যেতে চেয়েছিল?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) ‘উনিশ বিঘা দুই কাঠা’ উপন্যাসে চম্পা চরিত্রের ভূমিকা নির্ণয় করো।
- (খ) বুড়িমঙ্গলা দেবীর মাহাত্ম্য সম্পর্কে একটি টীকা প্রস্তুত করো।
- (গ) ‘উনিশ বিঘা দুই কাঠা’ উপন্যাসের ভগিআ চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।
- (ঘ) সুন্দর কোঁঅর অনঙ্গকে কেন কাজিরাজা ডেকে পাঠিয়েছিলেন, ‘কারেঙর লিগিরি’ নাটক অনুসরণে তা বিবৃত করো।
- (ঙ) ‘কারেঙর লিগিরি’ নাটক অনুসরণে শেওয়ালি চরিত্রটির বিশেষত্ব তুলে ধরো।
- (চ) তক্ষশিলা স্টেশনে যে নারকীয় ঘটনা সংঘটিত হয়েছে তা ‘পেশোয়ার এক্সপ্রেস’ গল্পে অবলম্বনে আলোচনা করো।

( 5 )

- (ছ) চৌরাস্তার কুয়া সাফ করতে গিয়ে ডুবুরি প্রথম দুবারে কী কী বস্তু তুলে এনেছিল? এর ফলে কীরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছিল, লেখো। ২+৩=৫

- (জ) অসিরি জেঠিমাকে কী নামে ডাকা হত? তাঁর এরূপ নামকরণের গল্পটি বিবৃত করো।

- ৪। (ক) রাজচন্দ্র মঙ্গরাজের জেল হয়েছিল কেন? এর অন্তরালের কাহিনি সবিস্তারে আলোচনা করো। ১০

অথবা

- (খ) রামচন্দ্র মঙ্গরাজের অনাথ বালক থেকে জমিদার হয়ে ওঠার কাহিনি সবিস্তারে বর্ণনা করো।

অথবা

- (গ) ‘উনিশ বিঘা দুই কাঠা’ উপন্যাসের শারিআ চরিত্রটি আলোচনা করো।

- ৫। (ক) ‘কারেঙর লিগিরি’ নাটক অবলম্বনে সুন্দর কোঁঅরের চরিত্র তথা জীবনদৃষ্টি কেমন ছিল তা তোমার নিজের ভাষায় লেখো। ১০

অথবা

- (খ) কাঞ্চনমতি ও শেওয়ালি চরিত্র দুটির তুলনামূলক আলোচনা করো।

অথবা

- (গ) ‘কারেঙর লিগিরি’ নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

- ৬। (ক) 'পেশোয়ার এক্সপ্রেস' গল্পে সাম্প্রদায়িক দাঙ্গার যে চিত্র ফুটে উঠেছে তার যথাযথ বিবরণ দাও।

১০

অথবা

- (খ) চৌরাস্তার কুয়োর জলের মাহাত্ম্য কী? চৌরাস্তার কুয়ো পরিষ্কার করার সামগ্রিক ঘটনাবলি তোমার নিজের ভাষায় লেখো।
- ৭। (ক) অসিরি জেঠিমার মানবদরদী চরিত্রের এক অপূর্ব চিত্র অঙ্কিত হয়েছে 'অসিরি জেঠিমা' গল্পে। এই গল্প অবলম্বনে অসিরি জেঠিমার চরিত্র বিশ্লেষণ করো।

১০

অথবা

- (খ) 'কারেঙুর লিগিরি' নাটকে নাগা পাহাড়ে সংঘটিত ঘটনাবলির বিবরণ দাও।

\*\*\*